রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-৫ শাখা

আদেশ

তারিখ : ১০ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৫ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৪২১-আইন/২০২৬।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০ অনুচ্ছেদের দফা (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ আদেশ জারি করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আদেশ বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই আদেশে,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ক্যাডার পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(গ) "তফসিল" অর্থ এই আদেশের তফসিল;

(ঘ) "শিক্ষানবিশ" অর্থ ক্যাডার পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; এবং

(ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য)।

৩। **সার্ভিস গঠন।**—(১) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে, Bangladesh Civil Service (Fisheries) Composition and Cadre Rules, 1980 এর অধীন গঠিত Bangladesh Civil

মূল্য : টাকা ৮.০০

Service (Fisheries), বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) নামে অভিহিত হইবে এবং উহা এইরূপে বহাল থাকিবে যেন উহা এই আদেশের অধীন গঠিত হইয়াছে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) সেই সকল ব্যক্তি যাহারা Bangladesh Civil Service (Fisheries) Composition and Cadre Rules, 1980 এর অধীন গঠিত Bangladesh Civil Service (Fisheries) এ নিযুক্ত রহিয়াছেন; এবং

(খ) সেই সকল ব্যক্তি যাহারা সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

৪। **ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ।**—(১) তফসিলে উল্লিখিত পদ হইবে সার্ভিসের ক্যাডারের পদ।

(২) তফসিলে উল্লিখিত সংখ্যক পদ হইবে সার্ভিসের ক্যাডারের পদের প্রারম্ভিক সংখ্যা এবং সরকার, প্রয়োজনে, অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এই ক্যাডারের পদের সংখ্যার পরিবর্তন করিতে পারিবে।

৫। **নিয়োগকারী কর্তৃপক্ষ।**—রাষ্ট্রপতি বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোনো কর্মকর্তা কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা যাইবে।

৬। **যোগ্যতা।**—সার্ভিসে নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য শর্ত Bangladesh Civil Service Recruitment Rules, 1981 ও বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ অনুযায়ী হইবে।

৭। **জ্যেষ্ঠতা।**—চাকরিতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতা, সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরীকৃত মেধার ক্রমানুসারে নির্ধারিত হইবে।

৮। **সাধারণ বিধান।**—এই আদেশে যে সকল বিষয়ে স্পষ্টরূপে কোনো বিধান করা হয় নাই, সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সেই বিধিমালা বা আদেশ দ্বারা পরিচালিত হইবেন যাহা সরকার কর্তৃক প্রণীত বা জারি করা হইয়াছে বা তাহাদের জন্য প্রযোজ্য করা হইয়াছে।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Bangladesh Civil Service (Agriculture: Fisheries) Composition and Cadre Rules, 1980 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপে রহিতকরণ সত্ত্বেও:

(ক) রহিতকরণের পূর্বে উক্ত Rules এর অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ ও উহার ধারাবাহিকতার প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই আদেশের বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) রহিতকরণের পরবর্তীতে কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Rules এর অধীন নিষ্পন্ন করিতে হইবে।

তফসিল

[অনুচ্ছেদ ২(গ) এবং ৪ দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
(১)	(২)	(৩)
১	মহাপরিচালক	১
২	অতিরিক্ত মহাপরিচালক	১
৩	পরিচালক	১৫
৪	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	২
৫	উপপরিচালক	৩২
৬	প্রিন্সিপাল	৫
৭	কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার	৩
৮	জেলা মৎস্য কর্মকর্তা	৬৪
৯	সিনিয়র সহকারী পরিচালক	৯৯
১০	সহকারী পরিচালক	৩৩
১১	প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা	১
১২	ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	২
১৩	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	২৪৫
১৪	মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ কর্মকর্তা	৩
১৫	ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসার	১৭
১৬	উপ-সহকারী পরিচালক	৬৬
১৭	গবেষণা কর্মকর্তা	৩
১৮	বৈজ্ঞানিক কর্মকর্তা	৭
১৯	বায়ো-মেট্রিশিয়ান	১
২০	ফিসারিজ টেকনোলজিস্ট	২
২১	টেকনোলজিস্ট	১
২২	মাইক্রো-বায়োলজিস্ট	২
২৩	মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা	১
২৪	ইভ্যালুয়েশন অফিসার	১
২৫	একোয়াকালচারিস্ট	১

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
(১)	(২)	(৩)
২৬	বায়োলজিস্ট	১
২৭	নেট ইকুইপমেন্ট টেকনোলজিস্ট	১
২৮	প্রজেক্ট অফিসার	১
২৯	এক্সটেনশন ইন্সট্রাক্টর	১
৩০	ফার্ম ম্যানেজার	২৯
৩১	উপজেলা মৎস্য কর্মকর্তা	২৪৭
৩২	মেরিন প্রোডাকশন অফিসার	১
৩৩	লিমনোলজিস্ট	১
৩৪	স্ট্যাটিস্টক্যাল অফিসার	৩
৩৫	স্টোর অফিসার	১
৩৬	মৎস্য সম্প্রসারণ ও মাননিয়ন্ত্রণ কর্মকর্তা	৩৯৫
৩৭	ইন্সট্রাক্টর (মৎস্য)	৩
৩৮	ইন্সট্রাক্টর (টেকনিক্যাল)	৩
		১২৯৫
৩৯	ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে সংরক্ষিত পদসমূহ নিম্নরূপ, যথা:-	
	ক) পরিচালক ও সমমানের পদ	১
	খ) উপপরিচালক ও সমমানের পদ	১
	গ) জেলা মৎস্য কর্মকর্তা ও সমমানের পদ	৬
	ঘ) সহকারী পরিচালক ও সমমানের পদ	১৮
	ঙ) উপজেলা মৎস্য কর্মকর্তা ও ক্যাডারভুক্ত অন্যান্য এন্ট্রিলেভেল পদ	৩৬
		৬২
		১৩৫৭

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ কামরুজ্জামান চৌধুরী
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd